গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৭৩.০৩.০০৪.১৩(অংশ-৭)/ ৬৭৮ তারিখ: ০১ জুলাই, ২০২১ খ্রিঃ

**বিষয় : ২০২১-২২ অর্থবছরের বাজেটে রেস্তোরাঁ খাতে মূসক (ভ্যাট) হার বিষয়ে আনীত পরিবর্তনসমূহ অবহিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থবছরের বাজেটে অর্থ আইন, ২০২১ এর মাধ্যমে মূল্য সংযোজন কর আইন, ২০১২ এর তৃতীয় তফসীলে নিম্নবর্ণিত মূসক আরোপযোগ্য সেবাসমূহের বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন করের হারে পরিবর্তন আনয়ন করা হয়েছে:

| শিরোনাম সংখ্যা | সেবার কোড | সেবার নাম | ২০২০-২১ অর্থবছরে বলবৎ মূসক হার | ২০২১-২২ অর্থবছরে পরিবর্তিত মূসক (ভ্যাট) হার |
|---|---|---|---|---|
| S ০০১ | S ০০১.২০ | নন এসি রেস্তোরাঁ | ৭.৫% | ৫% |
| | S ০০১.২০ | এসি রেস্তোরাঁ | ১৫% | ১০% |

২। এমতাবস্থায়, উপরি-উল্লিখিত পরিবর্তন অনুযায়ী EFDMS এ বাস্তবায়ন করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০৩ (তিন) পাতা ।

01.07.2021
সম্প্রীতি প্রামানিক
দ্বিতীয় সচিব
মূসক: তথ্য প্রযুক্তি ও প্রকল্প ব্যবস্থাপনা

**প্রাপক:**

জনাব মুবিন খান
অথরাইজড প্রতিনিধি
SZZT-KMMT-Synesis-EATL JV,
ADA Trading Bangladesh CO., Ltd 12/1, Kunipara,
Dhaka-1208, Bangladesh

নথি নং- ০৮.০১.০০০০.০৭৩.০৩.০০৪.১৩(অংশ-৭)/ ৬৭৮ তারিখ: ০১ জুলাই, ২০২১ খ্রিঃ

**অনুলিপি:**

১. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম।
২. মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা।
৩. প্রথম সচিব (মূসক: তথ্য-প্রযুক্তি ও প্রকল্প ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ৩০, ২০২১

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ আষাঢ়, ১৪২৮/৩০ জুন, ২০২১

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৬ আষাঢ়, ১৪২৮ মোতাবেক ৩০ জুন, ২০২১ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্দ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০২১ সনের ১১ নং আইন

### সরকারের আর্থিক প্রস্তাবাবলি কার্যকরকরণ এবং কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু সরকারের আর্থিক প্রস্তাবাবলি কার্যকরকরণ এবং নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

**প্রথম অধ্যায়**
**প্রারম্ভিক**

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন অর্থ আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) Provisional Collection of Taxes Act, 1931 (Act No. XVI of 1931) এর অধীন এই আইনের ষষ্ঠ অধ্যায়ে উল্লিখিত জনস্বার্থে জারীকৃত ঘোষণা সাপেক্ষে, এই আইন ২০২১ সনের ১ জুলাই তারিখে কার্যকর হইবে।


মূল্য : টাকা ৭০.০০

**৬০। ২০১২ সনের ৪৭ নং আইনের তৃতীয় তফসিলের সংশোধন।**—উক্ত আইনের তৃতীয় তফসিল এর—

(ক) টেবিল-১ ('খন্ড-ক' - মূসক আরোপযোগ্য পণ্য) এর কলাম (১) এর—

(অ) শিরনামা সংখ্যা ১৫.১৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | | | |
|---|---|---|---|
| "১৫.১৪ | সংশ্লিষ্ট এইচ,এস, কোড | রেপসীডস অয়েল, কোলজা সীডস অয়েল ও কেনোলা অয়েল | ৫%"; |

(আ) শিরনামা সংখ্যা ৪৮.২০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

| | | | |
|---|---|---|---|
| "৪৮.২২ | সংশ্লিষ্ট এইচ,এস, কোড | পেপার কোন | ৫%"; |

(ই) শিরনামা সংখ্যা ৮৫.১৭, ৮৫.২৯, ৮৫.৩৪ ও ৮৫.৩৮ এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(খ) টেবিল-১ ('খন্ড-খ'- মূসক আরোপযোগ্য সেবা) এর কলাম (১) এর শিরনামা সংখ্যা S০১২ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের প্রারম্ভে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

| | | | |
|---|---|---|---|
| "S০০১ | S০০১.২০ | নন এসি রেস্তোরাঁ | ৫%"; |

(গ) টেবিল-২ ('খন্ড-খ' - মূসক আরোপযোগ্য সেবা) এর কলাম (১) এর—

(অ) শিরনামা সংখ্যা S০০১ এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | | | |
|---|---|---|---|
| "S০০১ | S০০১.১০ | নন এসি হোটেল | ৭.৫%"; |

(অ) শিরনামা সংখ্যা S০২৪ এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | | | |
|---|---|---|---|
| "S০২৪ | S০২৪.১০ | আসবাবপত্রের উৎপাদক (উৎপাদক কারখানা হইতে সরাসরি ভোক্তার নিকট সরবরাহ করিলে মূসক ১৫ শতাংশ) | ৭.৫% |
| S০২৪ | S০২৪.২০ | আসবাবপত্রের বিপণন কেন্দ্র (উৎপাদন পর্যায়ে ৭.৫ শতাংশ মূসক পরিশোধের চালান থাকা সাপেক্ষে, অন্যথায় ১৫ শতাংশ) | ৭.৫%"; |

(ঘ) টেবিল-৩ ('খন্ড-খ'- মূসক আরোপযোগ্য সেবা) এর কলাম (১) এর শিরনামা সংখ্যা S০০৩ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের প্রারম্ভে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

| | | | |
|---|---|---|---|
| "S০০১ | S০০১.২০ | এসি রেস্তোরাঁ | ১০%"। |

(ঙ) অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত "ঔষধ ও পেট্রোলিয়াম জাতীয় পণ্যের ক্ষেত্রে স্থানীয় ব্যবসায়ী পর্যায়ে মূসক হার হইবে যথাক্রমে ২.৪ শতাংশ এবং ২ শতাংশ" শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নের পরিবর্তে "স্থানীয় ব্যবসায়ী পর্যায়ে ঔষধের ক্ষেত্রে মূসক হার হইবে ২.৪ শতাংশ এবং ডিজেল, কেরোসিন, অকটেন, পেট্রোল, ফার্নেস অয়েল ও এলপি গ্যাস এর ক্ষেত্রে মূসক হার হইবে ২ শতাংশ" শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে।